উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৭ (সাইত্রিশ) তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ১৮ এপ্রিল ২০২২ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর মার্চ/২০২২ খ্রি. মাসের ১০,৯৯৯/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩৪ এর মার্চ/২২ মাসের নিয়মিত জ্বালানী বিল পরিশোধের নিমিত্ত ভ্যাট ও আইটিসহ মোট ২৫,৬২৬/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, জ্বালানী বিল, আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্প সমূহ ০৮টি প্যাকেজের মাধ্যমে ই-জিপি প্রদ্ধতিতে দরপত্র আহ্বান করা হয় এবং দরপত্র কার্যক্রম সম্পন্ন করে ই-জিপি প্রদ্ধতিতে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন পূর্বক Hope কর্তৃক অনুমোদন প্রদান করা হয়। Notification Award ইস্যুর ক্ষেত্রে ৭টি প্যাকেজ ই-জিপি প্রদ্ধতিতে ইস্যু করা হলেও প্যাকেজ নং-syl/gow/ADP/2021-22/w-02 | (ক) প্যাকেজ নং- syl/gow/ADP/2021-22/w-02 এর notification award অফলাইন প্রদ্ধতিতে ইস্যুর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এর notification award ইস্যুর ক্ষেত্রে ই-জিপি কারীগরি ত্রুটির জন্য ইস্যু করা যাচ্ছে না। তিনি এ প্যাকেজের notification award অফলাইন প্রদ্ধতিতে ইস্যুর প্রস্তাব করেন। | | |
| | | (খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, গোয়াইনঘাট উপজেলা সীমান্তবর্তী হওয়ায় প্রতি বছর পাহাড়ী ঢলে সৃষ্ট বন্যায় এলাকায় প্রচুর ক্ষয়ক্ষতি হয়। তাছাড়া বেশ কয়েকটি অগ্নিকান্ডের ঘটনায় অনেক দোকানপাঠ ও ঘরবাড়ি ব্যাপক ক্ষতিগ্রস্থ হয়েছে। তিনি বলেন, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে অপ্রত্যাশিত খাতে বছরে ৫(পাঁচ) লক্ষ টাকা ব্যয় করা যায়। তিনি জানান, এ অল্প পরিমাণ অর্থ দিয়ে এসকল ক্ষয়ক্ষতি পোষানো কষ্টসাধ্য। উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, পাহাড়ী ঢলের কারণে সৃষ্ট বন্যায় অত্র উপজেলায় রাস্তাঘাটসহ ঘরবাড়ির ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে অতিরিক্ত ৫(পাঁচ) লক্ষ টাকা ব্যয় করার প্রস্তাব করা হয়। | (খ) গোয়াইঘাট উপজেলায় আকস্মিক বন্যায় অপ্রত্যাশিত খাত হতে অতিরিক্ত ৫(পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (গ) উপজেলা কৃষি অফিসার সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে এ পর্যন্ত ১৪৫০জন কে কৃষি প্রণোদনা দেয়া হয়েছে। তিনি বলেন, গোয়াইনঘাট উপজেলার কৃষি ফসল রক্ষার্থে এবং পানির স্বাভাবিক ভারসাম্য বজায় রাখতে খাল খনন ও বেড়িবাধ প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। বিশেষত আসামপাড়া বেড়িবাঁধ নির্মান করা জরুরী। চেয়ারম্যান, ২নং পশ্চিম জাফলং আলোচনায় অংশ নিয়ে বলেন, নদীর নাব্যতা আনার জন্য উপজেলার ২টি নদী খনন করা জরুরী। এ বিষয়ে আলোচনায় চেয়ারম্যান, ৯নং ডৌবাড়ি ইউপি বলেন, দ্বারিখেল সুইচ গেইট নির্মাণ ও কৈয়াখাল, রাতারগুল পর্যন্ত আরসিসি রাস্তা নির্মাণ করা প্রয়োজন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে বলেন, সুনামগঞ্জের মত গোয়াইনঘাট উপজেলাকে হাওর অঞ্চল বিবেচনায় হাওর উন্নয়ন প্রকল্পে বরাদ্দ আনার জন্য মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রনালয় উদ্যোগ গ্রহণ করেছেন। উপস্থিত চেয়ারম্যানগণ কৃষি ফসল রক্ষা ও বন্যার ক্ষয়ক্ষতি হ্রাসে উপজেলাভিত্তিক খাল খনন ও বাঁধ নির্মাণ করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য মত প্রকাশ করেন। | (গ) কৃষি ফসল রক্ষা ও বন্যায় ক্ষয়ক্ষতি হ্রাসে প্রস্তাবিত খাল খনন ও বাঁধ নির্মাণের লক্ষ্যে প্রস্তাবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| | | (ঘ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ভিজিএফ ১১৩৩৭জন উপকারভোগীর অনুকূলে ১১৩.৩৭০ মে.টন চাল; ৩য় পর্যায়ে টিআর ১৪,৬৭,৫২৯/- টাকা; ২য় পর্যায়ে কাবিটা ১৯,০৭,৫১২.৪০ টাকা; ২য় পর্যায়ে কাবিখা ২৫.৪০৭ মে.টন চাল বরাদ্দ পাওয়া গেছে। নির্বাচন ভিত্তিক বরাদ্দ পাওয়া গেলেও এখনো উপজেলা ভিত্তিক বিভাজন করা হয়নি। তিনি আরও জানান, দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়ের আওতায় বরাদ্দ প্রাপ্ত ৭টির মধ্যে ৬টি ব্রীজের টেন্ডার করা হয়েছে। তিনি আরও জানান, নন্দিরগাঁও এ ১০০টি ঘর নির্মাণের লক্ষ্যে মাটি ভরাট করা হয়েছে। এ ভরাট কাজে যে বরাদ্দ ছিল তা বাস্তবায়নে ঘাটতি দেখা দিয়েছে। তিনি কাবিটা'র অতিরিক্ত বরাদ্দ দ্বারা উক্ত ঘাটতি সমন্বয়ের জন্য সভায় প্রস্তাব করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ইজিপিপি বিষয়ে একটি পত্র দেয়ার সিদ্ধান্ত হলেও এখনো পত্র দেয়া হয়নি। তিনি এ বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। নন্দিরগাঁও ইউনিয়নে ১০০টি ঘর তৈরি করা হয়েছে। ৫-৬ লক্ষ টাকা ঘাটতি আছে, ঐ টাকার সংস্থানের জন্য কাবিখার ঘাটতি ৬লক্ষ টাকা মেটানো যেতে পারে। | (ঘ-১) প্রাপ্ত টিআর/কাবিটা/ কাবিখা যথাযথভাবে বিতরণ/ স্কিম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ-২) কাবিটা'র অতিরিক্ত বরাদ্দ দ্বারা ১০০টি ঘরের মাটির কাজের ঘাটতি সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ-৩) ইজিপিপি বরাদ্দ প্রদানের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| | | (ঙ) উপজেলা শিক্ষা অফিসার সভায় বলেন, দীর্ঘকালীন করোনা পরবর্তীতে স্কুল-কলেজের সরাসরি শ্রেণি পাঠদান চালু হলেও ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি বিভিন্ন কারণে হ্রাস পেয়েছে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধি ও গন্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতা কামনা করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, বিগত কয়েক দিয়ে বেশ কয়েকটি প্রাইমারি স্কুল পরিদর্শনে গেলে দেখা যায় শিক্ষার্থীদের উপস্থিতির হার হতাশাজনক। এ অবস্থা হতে উত্তরণে তিনি সকলকে সহযোগিতার আহ্বান জানান। | (ঙ) প্রাথমিকে উপস্থিতির হার বৃদ্ধি ও ঝরে পড়া রোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (চ) উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, প্রতি বছর রোগী কল্যাণ তহবিলের আওতায় অসহায় ও হতদরিদ্র রোগীদের সহায়তা করা হয়ে থাকে। তিনি বলেন, এ সহায়তার পরিমাণ অতি অল্প ও যারা হাসপাতালে ভর্তি হয়ে থাকেন শুধুমাত্র তাদেরকে সহায়তা করা হয়ে থাকে। চেয়ারম্যান, ৪নং লেঙ্গুড়া ইউপি সভায় বলেন, অনেক রোগী রয়েছে যারা অর্থের অভাবে চিকিৎসা করতে পারছেনা। তাদেরকে এ তহবিলের আওতায় চিকিৎসার ব্যবস্থা করা যেতে পারে। | (চ) উপজেলা রোগী কল্যান তহবিলের বরাদ্দ বৃদ্ধির লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| | | (ছ) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় বলেন, করোনা ভাইরাস ভ্যাক্সিনেশন কার্যক্রমে বাংলাদেশের অবস্থান ৮ম। তিনি বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ অর্জন সম্ভব হয়েছে। তিনি সভাকে জানান, উপজেলা স্বাস্থ্য বিভাগের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি করার প্রয়াস থাকলেও পর্যাপ্ত জনবলের অভাবে তা সম্ভব হয়না। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে বলেন, যে পরিমাণ জনবল রয়েছে তা দিয়েও স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি করা সম্ভব। | (ছ) উপজেলা স্বাস্থ্য বিভাগের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি ও পর্যাপ্ত জনবল পদায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা |
| | | (জ) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর নবনির্মিত বাসভবনের বাউন্ডারি ওয়াল নির্মাণের লক্ষ্যে পূর্বের অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডারে প্রাপ্ত ঠিকাদার যথাযথভাবে কাজ সম্পাদন পূর্বক বিল প্রাপ্তির লক্ষ্যে আবেদন জানিয়েছেন। চুক্তি অনুযায়ী ঠিকাদারের বিল ভ্যাট ও আয়করসহ মোট ১৬,৫৭,২৭৬/- (ষোল লক্ষ সাতান্ন হাজার দুইশত ছিয়াত্তর) টাকা। তিনি উক্ত বিল পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন। চেয়ারম্যান, ২নং পশ্চিম জাফলং সভায় বলেন, উনাইর ব্রীজের কাজের জন্য বেইলি ব্রীজ নির্মান না করার কারণে বর্তমানে যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়েছে। তিনি উক্ত স্থানে জরুরী ভিত্তিতে বেইলি ব্রীজ নির্মাণের অনুরোধ করেন। চেয়ারম্যান, ৪নং লেঙ্গুড়া ইউপি আলোচনায় অংশ নিয়ে বলেন, সালুটিকর-গোয়াইনঘাট রাস্তায় গুরুকচি বাজারের সামনে, লেঙ্গুড়া হাওরের গাংকিনারী রাস্তায় ব্রীজ এবং লেঙ্গুড়া মাদ্রাসার কাছে ব্রীজ নির্মাণ করা জরুরী। সানকিভাঙ্গা রাস্তায় ব্রীজ নির্মান করা হচ্ছে কিন্তু বিকল্প রাস্তা নির্মান করা হয়নি। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, প্রস্তাবিত বাউন্ডারি ওয়ালের কাজ সম্পুর্ণ হয়নি বিধায় আপাতত ৫০% বিল পরিশোধ করা যেতে পারে। | (জ-১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবনের বাউন্ডারি ওয়াল নির্মান বিল ভ্যাট ও আয়করসহ ৫০% পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(জ-২) উনাইর ব্রীজের কাজের বিকল্প রাস্তা আরও উচু করে বেইলি ব্রীজ নির্মাণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(জ-৩) যেসকল রাস্তা ও ব্রীজ নির্মাণ/মেরামত করা জরুরী সেগুলি তালিকা করে বাস্তবায়নের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী<br><br>উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ahmed

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯. ৬৩৫ তারিখ : ১২-০৫-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ..................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক......................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব.....................................................গোয়াইনঘাট, সিলেট।

১২/৫/২২

(তাহমিলুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১